

কল্যাণ ভাতা অনুদান

সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবা প্রার্থী ও অনুদানের পরিমাণ
<p>১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd এর “কল্যাণ-যৌথ-দাফন অনুদানের অনলাইন আবেদন দাখিল” লিংকটিতে ক্লিক করে অথবা http://sss.bkkb.gov.bd লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করতে হয়।</p> <p>২. অনলাইনে দাখিলকৃত কাগজপত্রের ০১সেট হার্ডকপি হিসেবে এ কার্যালয়ে অগ্রগামীপত্রসহ দাখিল করতে হয়।</p> <p>৩. প্রাপ্ত আবেদনের অনলাইন কপির সাথে হার্ডকপির কাগজপত্র মিলানো হয়।</p> <p>৪. আবেদনের তথ্যাদি যাচাই-বাছাই অন্তে কাগজপত্র সঠিক থাকলে নথিতে উপস্থাপন এবং অনুমোদন করা হয়।</p> <p>৫. আবেদন যাচাই-বাছাই অন্তে আবেদনে কোনো ত্রুটি/আপত্তি থাকলে এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে জানানো হয়।</p> <p>৬. আপত্তির সঠিক জবাব পাওয়া গেলে পুনরায় নথিতে উপস্থাপন এবং অনুমোদন করা হয়।</p> <p>৭. কল্যাণ ভাতার আদেশনামা/কার্ড ডাকযোগে কর্মচারীর অফিস ঠিকানায় এবং এর অনুলিপি আবেদনকারীর ঠিকানায় প্রেরণ করা হয়।</p> <p>৮. অনুমোদনের বিষয়টি এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে জানানো হয়।</p>	<p>১. Pay fixation-২০১৫/ তালিকাভুক্ত স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চাকরি বহির ৩য় পৃষ্ঠা/এস.এস.সি সনদ;</p> <p>২. মৃত্যু সনদ (রেজিস্টার্ড ডাক্তার/ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);</p> <p>৩. বয়স, পেশা, বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক ওয়ারিশ সনদ, ওয়ারিশগণ কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত ক্ষমতাপত্র এবং নির্ভরশীলতার সনদ স্থানীয় ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);</p> <p>৪. অক্ষমতার কারণে চাকরি হতে অবসরের ক্ষেত্রে অফিস আদেশের সত্যায়িত ফটোকপি;</p> <p>৫. মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);</p> <p>৬. কর্মচারী ও আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র;</p> <p>৭. অবসর গ্রহণের অফিস আদেশের সত্যায়িত ফটোকপি;</p> <p>৮. বেতন প্রদানের তারিখ উল্লেখপূর্বক শেষ বেতনের সনদ সত্যায়িত কপি;</p> <p>৯. কর্মচারী মৃত্যুর পর আবেদন দাখিল করতে ০৬ মাসের বেশি বিলম্ব হলে কর্তৃপক্ষের মাধ্যমে বিলম্বের ব্যাখ্যা প্রদান।</p> <p>নোট: <u>অনলাইনে আবেদন ফরম পূরণ করলে প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা পাওয়া যায়।</u></p>	<p>অক্ষমতা জনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মচারীর ক্ষেত্রে নিজেই এবং কর্মরত/অবসর অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর ক্ষেত্রে তার পরিবারকে কর্মচারীর বয়স ৬৯ (উনসত্তর) বছর বা অনূর্ধ্ব ১৫ (পনের) বছর পর্যন্ত যা আগে আসে ভিত্তিতে ০১/০৭/২০১৯ খ্রি.তারিখ হতে প্রতি মাসে সর্বোচ্চ টা: ২,০০০/- (দুই হাজার) হিসেবে কল্যাণ ভাতা প্রদান করা হয়।</p>

- অনলাইনের মাধ্যমে আবেদন এবং আবেদনের হার্ডকপি প্রাপ্তির পর কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয়।
- সম্পূর্ণ বিনামূল্যে সেবা দেয়া হয়।